মুজিবনগরে ৮ হাজার ২২১ শিশুকে দেয়া হবে হাম-রুবেলা টিকা

মুজিবনগর উপজেলায় হাম-রুবেলা নিয়ন্ত্রণে বিশেষ টিকাদান কর্মসূচি শুরু হচ্ছে আগামী সোমবার। এ উপলক্ষে কর্মসূচির বিস্তারিত জানাতে এক অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে আয়োজিত এ সভায় টিকাদান কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান।

সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই জিয়া, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সানজিদা আক্তারসহ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ও ইপিআই টিকাদান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান জানান, মুজিবনগর উপজেলায় আগামী ২০ এপ্রিল থেকে ১০ মে পর্যন্ত (ছুটির দিন ও নিয়মিত ইপিআই টিকাদানের দিন ব্যতীত) বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের হাম-রুবেলা টিকা প্রদান করা হবে।

তিনি আরও জানান, উপজেলায় মোট ৮ হাজার ২২১ জন শিশুকে এ টিকার আওতায় আনা হবে। এর মধ্যে প্রি-প্রাইমারি স্কুলের শিক্ষার্থী ১ হাজার ৮৮৯ জন এবং কমিউনিটি পর্যায়ে ৬ হাজার ৩৩২ জন শিশু রয়েছে।